গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬৩

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৭
২৯ এপ্রিল ২০২০

বিষয়: **“বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বাস্তবায়িতব্য বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়) প্রকল্পের চট্টগ্রাম এবং কক্সবাজার জেলার জমি অধিগ্রহনের নিমিত্তে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ০১. ৪৩৫-পিডি/বিউবো/পিডিএসডি(২য় পর্যায়)/২০১৯, তারিখঃ ২৪/১১/২০১৯।
০২. ৬৬-পিডি/বিউবো/পিডিএসডি (২য় পর্যায়)/২০১৯, তারিখঃ ২৪/১১/২০১৯।।
০৩. ৫০০-পিডি/বিউবো/পিডিএসডি (২য় পর্যায়)/২০১৯, তারিখঃ ২৪/১১/২০১৯।

**উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে** “বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বাস্তবায়িতব্য “বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়)” প্রকল্পের চট্টগ্রাম জেলার মোহরা, পশ্চিম ষোলশহর, মাদারবাড়ী, উত্তর পতেঙ্গা, **দক্ষিন পতেঙ্গা,** পাথরঘাটা, নিজ শহর, চান্দগাও, মৌজায় এবং কক্সবাজার জেলার ঝিলওয়াঞ্জা মৌজায় জমি অধিগ্রহনের নিমিত্তে অনাপত্তি প্রদানের জন্য পত্র প্রেরণ করেছে। **যার মৌজা শিডিউল নিম্নরূপ:**

| থানা নাম | মৌজা নাম | জে এল নং | শিট নং | বি এস দাগ নং | জমির পরিমান (একর) | পূর্ণ/আংশিক |
|---|---|---|---|---|---|---|
| পাঁচলাইশ | মোহরা | ১১ | ০০ | ৮৩২৮, ৮৩৩৯,৯১০০ | ০.৫০ | আংশিক |
| | পশ্চিম ষোলশহর | ০৩ | | ৩০৭০, ৩০৭১ | ০.৪৮ | পূর্ন |
| বন্দর | মাদারবাড়ি | ০৪ | ০০ | ১৮০১, ১৮১৪ | ০.৪৭০৭ | পূর্ন |
| | দক্ষিন পতেঙ্গা | ২৫ | ০০ | ৪৭৯৭ | ০.৫০ | পূর্ন |
| | উত্তর পতেঙ্গা | ২৪ | | ৭০৯৭ | | আংশিক |
| কোতোয়ালী | পাথরঘাটা | ১৫ | | ১৬২,১৬৩,১৬০ | ০.৩৭৮৫ | পূর্ন |
| | নিজ শহর | ০২ | | ২১৫৯ | ০.৫০ | আংশিক |
| | | | | ২১৫৭, ২১৫৮ | | পূর্ন |
| চান্দগাও | চান্দগাও | ৯ | | ১১৮৯৪, ১১৮৯৫ | ০.৫১৯৯ | আংশিক |
| কক্সবাজার | ঝিলওয়াঞ্জা | ১৭ | | ২২৩৬৯, ২২৩৬৭ | ০.৫০ | আংশিক |

তদ্ প্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১)। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী, চট্টগ্রাম জেলার (০১) পাচলাইশ থানার মোহরা মৌজার প্রস্তাবিত দাগে একটি পরিত্যক্ত পুকুর রয়েছে। Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan এ ৮৩২৮ ও ৮৩২৯ দাগ নং Waterbody হিসেবে দেখানো আছে। (০২) পাচলাইশ থানার পশ্চিম ষোলশহর মৌজার প্রস্তাবিত দাগে ১ টি পরিত্যক্ত অয়েল মিল এবং ২টি দোকান ও দক্ষিন দিকে ৪০ ফুট পাকা রাস্তা রয়েছে। DAP এ উক্ত রাস্তাটি ৭২ ফুট এর প্রস্তাবনা রয়েছে। (০৩) বন্দর থানার মাদারবাড়ী মৌজায় প্রস্তাবিত দাগে ১ টি ১ তলা স্থাপনা রয়েছে; (০৪) বন্দর থানার উত্তর পতেঙ্গা মৌজায় প্রস্তাবিত দাগের জমিটি বর্তমানে পতিত রয়েছে এবং পূর্ব-পশ্চিম দিকে ২০ ফুট প্রশস্ত রাস্তা রয়েছে; এছাড়াও প্রস্তাবিত ড্যাপ এ উক্ত জমিটি ফ্লাইট কন্ট্রোল জোন দেখানো আছে। (০৫) বন্দর থানার দক্ষিন পতেঙ্গা মৌজায় প্রস্তাবিত দাগ বর্তমানে খালি রয়েছে এবং Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan এ পূর্ব-পশ্চিম দিকে ১১০ ফুট প্রশস্ত রাস্তার প্রস্তাবনা রয়েছে; (০৬) কোতোয়ালী থানার পাথরঘাটা মৌজায় প্রস্তাবিত দাগে ১ টি ১ তলা পাকা স্থাপনা রয়েছে এবং দক্ষিন দিকে ১২ ফুট প্রশস্ত পাকা রাস্তা রয়েছে; (০৭) কোতোয়ালী থানার নিজশহর মৌজায় প্রস্তাবিত দাগে ১ টি সেমিপাকা দোকান এবং ১ টি ২তলা পাকা স্থাপনা রয়েছে ও ৪০ ফুট প্রশস্ত পাকা রাস্তা রয়েছে। DAP এ উক্ত রাস্তাটি ৬০ ফুট এর প্রস্তাবনা রয়েছে। (০৮) পাচলাইশ থানার চান্দগাও মৌজায় দাগসমূহে একটি পরিত্যক্ত পুকুর রয়েছে, Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার সংরক্ষিত পুকুর। কক্সবাজার জেলার ঝিলওয়াঞ্জা মৌজায় দাগসমূহে একটি অস্থায়ী স্থাপনা রয়েছে এবং পশ্চিম দিকে মেরিন ড্রাইভ রোড রয়েছে। নগর উন্নয়ন অধিদপ্তর এর Development Plan for Cox's Bazar Town and Sea Beach upto Teknaf এ ২২৩৬৭ নং দাগে আবাসিক এবং ২২৩৬৯ নং দাগে বিনোদন ভূমি ব্যাবহার দেখানো হয়েছে। (সংযুক্তি-১, পরিদর্শন প্রতিবেদন)। Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan অনুযায়ী চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) এবং কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) কর্তৃক শর্ত সাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে (চউক ও কউক এর ওনাপত্তি পত্র সংযুক্ত)। (সংযুক্তি-০২ ও ০৩)।

এমতাবস্থায়, "বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বাস্তবায়িতব্য বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়)" প্রকল্পের আওতায় চট্টগ্রাম এবং কক্সবাজার জেলায় বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য প্রস্তাবিত জমিসমূহ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ও জনস্বার্থে অধিগ্রহনে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।

০১. যে সকল প্রস্তাবিত জমিতে পুকুর রয়েছে সেগুলো জালাধার সংরক্ষন আইন, ২০০০ অনুযায়ী সংরক্ষন করতে হবে। এবং অধিগ্রহনের সকল শর্ত বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক পালন করতে হবে।

০২. দক্ষিন পতেঙ্গা মৌজায় DAP এ প্রস্তাবিত ১১০ ফুট রাস্তা, নিজ শহর মৌজায় DAP এ প্রস্তাবিত ৬০ ফুট রাস্তা, পশ্চিম ষোলশহর মৌজায় DAP এ প্রস্তাবিত ৭২ ফুট রাস্তা এবং ঝিলওয়াঞ্জা মৌজায় মেরিনড্রাইভ সড়ক এর জমি সংরক্ষন করতে হবে এবং আন্যান্য রাস্তাসমূহ সংরক্ষন পূর্বক নিজস্ব Access Road তৈরী করতে হবে।

**০৩। বন্দর থানার উত্তর পতেঙ্গা মৌজায় ড্যাপ এ প্রস্তাবিত ফ্লাইট কন্ট্রোল জোন এর ক্ষেত্রে উক্ত জোনের শর্ত সাপেক্ষে ইমারত নির্মান করতে হবে।**

**০৪. চট্টগ্রাম** জেলার বন্দর থানার মাদারবাড়ী **মৌজার** চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক অনাপত্তি পত্র পাওয়া সাপেক্ষে সেমোতাবেত ব্যবস্থা গ্রহন করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি চট্টগ্রাম ও কক্সবাজার জেলায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহনের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

**<u>সংযুক্তি:</u>**

**০১. পরিদর্শন প্রতিবেদন।**
**০২. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।**
**০৩। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।**



২৯-৪-২০২০
আহমেদ আখতারুজ্জামান
সিনিয়র প্ল্যানার

প্রকৌ. মোঃ মকবুল হোসেন, প্রকল্প পরিচালক, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬৩/১(৩)

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৭
২৯ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (দপ্তরের ওয়েবসাইটে পত্রটি আপলোডের অনুরোধসহ)।



২৯-৪-২০২০
জাকিয়া সুলতানা
প্ল্যানার